



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল

সিএন্ডবি রোড, বরিশাল।

ফোন নং-০৪৩১-৬৪৫০১, ০৪৩১-৬২১৯৩

ই-মেইল- crmbarisal@krishibank.org.bd



নং-সিআরএম/বার/হিঃ-৪১/অংশ(১)/২০২২-২০২৩/ ৭২৪

তারিখঃ ২২/০৯/২০২২খ্রিঃ

“২০২২-২০২৩ অর্থ বছরে মাঠপর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যবিবরণী।”

সভাপতি : জনাব মোঃ আবু মাহমুদ, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বরিশাল।

তারিখ ও সময় : ২২.০৯.২০২২, বিকাল ৪:০০ ঘটিকা।

স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল।

উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে সকল কর্মকর্তা/ কর্মচারীদের ধন্যবাদ জানান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ আগামী ৩০-০৯-২০২২তারিখের মধ্যে এবং ত্রৈমাসিকভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে গন প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত পরিবীক্ষণ করে সূচকের বিপরীতে মাননির্ণয় করা হবে। তাছাড়া ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য প্রধান কার্যালয়ের শুদ্ধাচার ও নৈতিকতাকমিটির ত্রৈমাসিক সভায় ফিডব্যাক প্রদানের জন্য পর্যবেক্ষণ করা হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে প্রাপ্ত সূচক নিয়ে দেশের বৃহত্তর পরিসরেও অনুষ্ঠিতব্য ব্যাংকার্স সভায় পর্যালোচনা হয়। এজন্য সূচকের মান অর্জন একটি গুরুত্বপূর্ণ বিষয়।

০২। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল ২০২২-২০২৩ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে দাখিল করতে হবে। কার্যকরণ : মুআাকা, বরিশাল।

খ) অত্র ব্যাংকের ওয়েবসাইটে NIS Tab এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এবং ত্রৈমাসিকভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আপলোড করতে হবে। কার্যকরণ : মুআাকা, বরিশাল।

গ) অঞ্চলাধীন ৩১টি শাখা ব্যবস্থাপকদের নিয়ে তথ্য আদান-প্রদানের জন্য Messenger এ একটি গ্রুপ খোলা হয়েছে, যেখানে শাখাসমূহ সব সময় তথ্য আদান-প্রদান করতে পারবে। কার্যকরণ : সকল শাখা, বরিশাল মুখ্য অঞ্চল।


ঘ) সকল শাখায় গ্রাহকদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজন করতে হবে। কার্যকরণ : সকল শাখা, বরিশাল মুখ্য অঞ্চল।

ঙ) সকল শাখায় প্রকাশ্যে ও গুণীজনের উপস্থিতিতে ঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। কার্যকরণ : সকল শাখা, বরিশাল মুখ্য অঞ্চল।

চ) সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে নীতি ও নৈতিকতা নিয়ে কাজ করতে হবে। কার্যকরণ : সকল কর্মকর্তা/ কর্মচারী, বরিশাল মুখ্য অঞ্চল।

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এ উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিকভিত্তিতে একই ছকে অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে নির্ধারিত সময় সীমার মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আবু মাহমুদ
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল।
সভাপতি।

নং-সিআরএম/বার/হিঃ-৪১/অংশ(১)/২০২২-২০২৩/ ৭২৪ (৬)

তারিখঃ ২২/০৯/২০২২খ্রিঃ

সদয়জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণকরা হলো :

০১। স্টাফ-অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসনমহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ-অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।


০৪। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, বরিশাল।

০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আনিকা, বরিশাল।

০৭। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, বরিশাল মুখ্য অঞ্চল।

০৮। অফিস নথি / মহানথি।


(মোঃ জিয়াউর রহমান)
মুখ্য কর্মকর্তা